

সরকারি সাধারণ ডিগ্রী কলেজগুলিতে ভর্তি সংক্রান্তস্পষ্টীকরণ ভর্তির বিষয়ে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ)

১. আমি ভর্তি সংক্রান্ত কোনও মেসেজ পাইনি। কি করব?

উত্তর: আপনার জন্য কোন সিট বরাদ্দ হয়েছে কিনা পরীক্ষা করতে দয়া করে নির্দিষ্ট পোর্টালে লগইন করুন। যদি আপনি কোনও সিট এলটমেন্ট না পেয়ে থাকেন, তবে দ্বিতীয় রাউন্ডে শূন্য সিট গুলিতে পুনরায় ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

২. আমি আমার প্রথম পছন্দের কোর্স/কলেজে ভর্তির সুযোগ পাইনি। সেক্ষেত্রে এখনই কি আমার ভর্তি হওয়া উচিত?

উত্তর: আপনি এখনই এলটেড সিটে ভর্তি নিতে পারেন এবং দ্বিতীয় রাউন্ডে অন্য সিটে অগ্রাধিকারের জন্যও আবেদন করতে পারেন। অথবা আপনি এখনই ভর্তি নাও নিতে পারেন এবং দ্বিতীয় রাউন্ডে অন্য সিটের জন্য আবেদন করতে পারেন। আপনি যদি এখনই কোনও কোর্সে ভর্তি না নেন, তবে বর্তমানে এলটেড সিটটি আপনার জন্য পরের রাউন্ডে উপলব্ধ নাও হতে পারে।

৩. প্রথম তালিকায় আমি কোন সিট এলটমেন্ট পাইনি। কী করব?

উত্তর: দ্বিতীয় রাউন্ডে পছন্দের কোর্স দিয়ে পুনরায় যেখানে সিট শূন্য রয়েছে আবেদন করুন।

৪. আমার বন্ধু যার মেধা আমার চেয়ে কম, সে একটি কলেজে ভর্তি হতে পেরেছে। কিন্তু আমি পারিনি। কীভাবে?

উত্তর: দয়া করে তার পছন্দটি যাচাই করুন। উনার সাবজেক্ট প্রেফারেন্স এবং পছন্দ আপনার মতো নাও হতে পারে এবং সেই পছন্দটির চাহিদা কমও হতে পারে।

৫. আমার ভর্তির বিষয়টি কীভাবে নিশ্চিত করবেন?

উত্তর: একবার অনলাইন ডকুমেন্ট যাচাই এর কাজ শেষ হয়ে গেলে আপনাকে আপনার ভর্তির বিষয়টি নিশ্চিত করতে অনলাইনে ফি প্রদান করতে মেসেজ দিয়ে জানানো হবে।

৬. আমার নথিগুলি কলেজের ভর্তি সংক্রান্ত কমিটি প্রত্যাখ্যান করেছিল, কী করব?

উত্তর: আপনি সঠিক ডকুমেন্টস সহ দ্বিতীয় রাউন্ডের জন্য আবেদন করতে পারেন।

৭. আমি সময় মতো আবেদন করতে পারি নি। আমি আবার কখন আবেদনের সুযোগ পাব?

উত্তর: দ্বিতীয় রাউন্ডে ভর্তির প্রক্রিয়া শুরু হলে আপনাকে সুযোগ দেওয়া হবে।

৮. আমার অ্যাপ্লিকেশনে ভুল আছে। আমি কি করে সংশোধন করব?

উত্তর: দ্বিতীয় রাউন্ডে ভর্তির প্রক্রিয়া শুরু হলে আপনাকে আবেদনটি সংশোধনের সুযোগ দেওয়া হবে।

হেল্পলাইন নাম্বার- ৮৭৯৪৪৩৩৬৭৬, টোল ফ্রি নাম্বার : ১৮০০-১২৩-৫৮৮৬

(সকাল ১০:৩০ থেকে বিকেল ৫:৩০ পর্যন্ত সরকারি কাজের দিনে)

এই নাম্বারে হোয়াটসঅ্যাপও করা যাবে।